গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ডি-৯ অধিশাখা
(www.mod.gov.bd)

নম্বর: ২৩.০০.০০০০.০৯০.৩৯.৫৮.২২.৯৫৯

তারিখ: ১৪ বৈশাখ ১৪২৯
২৭ এপ্রিল ২০২২

**বিষয়ঃ স্বচ্ছ ও জবাবদিহিতামূলক এবং জনবান্ধব ভূমি ব্যবস্থাপনা প্রতিষ্ঠার লক্ষ্যে অকৃষি খাস জমি দীর্ঘমেয়াদী বন্দোবস্ত প্রদানের সুবিধার্থে চেকলিস্ট অনুযায়ী প্রস্তাব প্রেরণ।**

সূত্র: ভূমি মন্ত্রণালয়ের পত্র নম্বর: ৩১.০০.০০০০.০৪০.৪১.১২৮.২০-১৭; তারিখ: ২৩ জানুয়ারি ২০২২ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের অনুলিপি এ সাথে প্রেরণ করা হলো। পত্রের মর্মানুযায়ী অকৃষি খাস জমি দীর্ঘমেয়াদী বন্দোবস্ত প্রদানের জন্য প্রতিরক্ষা মন্ত্রণালয় হতে প্রশাসনিক অনুমোদন প্রাপ্তির লক্ষ্যে সূত্রস্থ পত্র যথাযথভাবে অনুসরণপূর্বক প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামোতাবেক ০৩(তিন) পাতা।

২৭/০৪/২২
(মোঃ সাবেত আলী)
উপসচিব
ফোনঃ ৫৮১৫২৫৯২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিজিডিএফ, সিজিডিএফ এর কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা।
২। চেয়ারম্যান, স্পারসো, আগারগাঁও, ঢাকা।
৩। সভাপতি, ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৪। মহাপরিচালক, সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৫। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৬। মহাপরিচালক, ডি জি ডি পি, তেজগাঁও, ঢাকা।
৭। মহাপরিচালক, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৮। প্রেসিডেন্ট, আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৯। কমান্ড্যান্ট, সামরিক বাহিনী কমান্ড এন্ড স্টাফ কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা।
১০। কমান্ড্যান্ট, ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা।
১১। কমান্ড্যান্ট, বাংলাদেশ সমরাস্ত্র কারখানা, গাজীপুর সেনানিবাস।
১২। কমান্ড্যান্ট, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৩। কমান্ড্যান্ট, এম আই এস টি, মিরপুর সেনানিবাস, ঢাকা।
১৪। সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৫। নৌবাহিনী সদর দপ্তর, অপারেশানস্ শাখা, পূর্ত পরিদপ্তর,ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৬। বিমান সদর, প্রশাসনিক শাখা, পূর্ত পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৭। পরিচালক, পূর্ত পরিদপ্তর, ই-ইন-সি'র শাখা, সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৮। সার্ভেয়ার জেনারেল, সার্ভে অব বাংলাদেশ, তেজগাঁও, ঢাকা।
১৯। মহাপরিচালক, বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর, উত্তরা, ঢাকা।
২০। পরিচালক, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড, কাকরাইল, ঢাকা।
২১। মহাপরিচালক, প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা।
২২। পরিচালক, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২৩। পরিচালক, আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
২৪। পরিচালক, গুপ্তসংকেত পরিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা।
২৫। অধিনায়ক, এম ও ডি সি, রাজেন্দ্রপুর সেনানিবাস, গাজীপুর।
২৬। সংশ্লিষ্ট সকল অনুবিভাগ/অধিশাখা/শাখা/পরিকল্পনা কোষ, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

**অনুলিপি সদয় অবগতির জন্য:**

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা
(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। অতিরিক্ত সচিব (অনুবিভাগ-৪) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়।
(অতিরিক্ত সচিব মহোদয়ের অবগতির জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
খাসজমি-১ অধিশাখা
www. minland.gov.bd

ভূমিসেবা ডিজিটাল বদলে যাচ্ছে দিনকাল

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৪০.৪১.১২৮.২০- ১৭

তারিখ : ০৯ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ / ২৩ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

**বিষয়: স্বচ্ছ ও জবাবদিহিতামূলক এবং জনবান্ধব ভূমি ব্যবস্থাপনা প্রতিষ্ঠার লক্ষ্যে অকৃষি খাস জমি দীর্ঘমেয়াদি বন্দোবস্ত প্রদানের সুবিধার্থে চেকলিস্ট প্রণয়ন।**

লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন জেলা থেকে প্রেরিত অকৃষি খাসজমি বন্দোবস্ত প্রদানের প্রস্তাবের সঙ্গে প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি সন্নিবেশ করা হয় না। তাছাড়া নদী-সংলগ্ন ও নদী শ্রেণির জমির বিষয়ে বিভিন্ন মোকদ্দমায় মহামান্য আদালতের নির্দেশনা বাস্তবায়নার্থে নতুন কিছু তথ্যের প্রয়োজন বিধায় মন্ত্রণালয়ের ০৭/১২/২০২০ তারিখ ৩১.০০.০০০০.০৪০.৪১.১২৮.২০.৪০৩ নম্বর স্মারকে জারিকৃত চেকলিস্টের পরিবর্তে নিম্নোক্ত চেকলিস্ট অনুসরণ করা আবশ্যক:

| ক্রম | ক. আবশ্যকীয় তথ্যাদি (সকল প্রস্তাবের ক্ষেত্রে প্রযোজ্য) |
|---|---|
| ১ | ১.১। আবেদনপত্র/অনুরোধপত্র; |
| | ১.২। সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক সত্যায়িত সিএস, এসএ, আরএস ও সর্বশেষ রেকর্ডের অনুলিপি; |

| রেকর্ড | খতিয়ান নম্বর | দাগ নম্বর | জমির পরিমাণ | শ্রেণি |
|---|---|---|---|---|
| সিএস | | | | |
| এসএ | | | | |
| আরএস/সর্বশেষ | | | | |

| | |
|---|---|
| | ১.৩। সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক প্রস্তাবিত জমির রেকর্ডীয় ও বাস্তব শ্রেণি সম্পর্কে স্পষ্ট মতামতসহ প্রতিবেদন; |
| | ১.৪। প্রস্তাবিত জমির ৫০০ গজ ব্যাসার্ধের অন্তর্ভুক্ত জমির ট্রেসম্যাপ (রঙিন কালি দ্বারা চিহ্নিত); |
| | ১.৫। ট্রেসম্যাপে প্রদর্শিত ৫০০ গজ ব্যাসার্ধের অন্তর্ভুক্ত জমির বিবরণ; |
| | ১.৬। অতিরিক্ত জেলা প্রশাসক পর্যায়ের একজন কর্মকর্তা কর্তৃক প্রস্তাবিত জমির বিষয়ে সুনির্দিষ্ট তথ্যসহ স্পষ্ট মতামতসহ সরেজমিন পরিদর্শন প্রতিবেদন; |
| | ১.৭। প্রস্তাবিত সময়ের অব্যবহিত পূর্বের ১২ মাসের বিক্রয় দলিলের তথ্য; |
| | ১.৮। প্রস্তাবিত জমির মূল্য নির্ধারণ সংক্রান্ত প্রতিবেদন (ক্যালকুলেশন শিটসহ); |
| | ১.৯। প্রস্তাবিত জমির ওপর মামলা সংক্রান্ত প্রত্যয়ন (সর্বশেষ অবস্থাসহ); |
| | ১.১০। জেলা প্রশাসক স্বাক্ষরিত পূর্ণাঙ্গ তথ্য সংবলিত সার-সংক্ষেপ; |
| | ১.১১। ৩০০/-টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা/হলফনামা; |
| | ১.১২। প্রযোজ্য ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র; |
| | ১.১৩। পাবলিক ইজমেন্ট সংক্রান্ত প্রত্যয়নপত্র; |
| | ১.১৪। জমির ন্যূনতম চাহিদাপত্র; |
| | ১.১৫। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বা তাঁর পরিবারের সদস্যদের নামে নামকরণকৃত প্রতিষ্ঠানের অনুকূলে খাসজমি বন্দোবস্তের ক্ষেত্রে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্টের অনুমতিপত্র; |
| | **খ. নীতিমালার অনুচ্ছেদ ভিত্তিক তথ্যাদি** |
| ২ | **নীতিমালার ৩.০(ক) অনুচ্ছেদ (সরকারি দপ্তর/সংস্থার ক্ষেত্রে)-**<br>(ক) প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদনপত্র;<br>(খ) অর্থের সংস্থান সংক্রান্ত প্রত্যয়নপত্র;<br>(গ) প্রস্তাবিত জমির লে-আউট প্ল্যান/ন্যূনতম জমি সংক্রান্ত প্রত্যয়ন। |
| ৩ | **নীতিমালার ৩.০(খ) অনুচ্ছেদ (ধর্মীয় উপাসনালয়, এতিমখানা, কবরস্থান ও শ্মশানঘাট স্থাপনের ক্ষেত্রে)-**<br>(ক) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের ছাড়পত্র; |
| ৪ | **নীতিমালার ৩.০(গ) অনুচ্ছেদ (শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে)-**<br>(ক) পাঠদানের অনুমোদন;<br>(খ) একাডেমিক স্বীকৃতি;<br>(গ) এমপিওভুক্তি সংক্রান্ত তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে)- |

| | |
|---|---|
| ৫ | **নীতিমালার ৩.০(ঘ) অনুচ্ছেদ (প্রাকৃতিক দুর্যোগজনিত কারণে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ক্ষেত্রে)-**<br>(ক) প্রাকৃতিক দুর্যোগজনিত কারণে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের জমি বন্দোবস্ত প্রদানের ক্ষেত্রে ইতিপূর্বে সরকার কর্তৃক এ সকল ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের বৈধভাবে পুনর্বাসিত করা সংক্রান্ত প্রমাণক; |
| ৬ | **নীতিমালার ৩.০(ঙ) অনুচ্ছেদ (বিশিষ্ট শিক্ষাবিদ, কবি, সাহিত্যিক বা জাতীয় পর্যায়ে স্বীকৃত ব্যক্তির ক্ষেত্রে)-**<br>(ক) জাতীয় পর্যায়ে নিজ অবদানের জন্য বিশেষ স্বীকৃতির প্রমাণক; |
| ৭ | **নীতিমালার ৩.০(চ) অনুচ্ছেদ (প্রবাসীদের সমবায় সমিতির মাধ্যমে বহুতল ভবন নির্মাণের ক্ষেত্রে)-**<br>(ক) আর্থিক সক্ষমতা (ব্যাংক স্টেটমেন্ট ও আয়কর সংক্রান্ত কাগজপত্র);<br>(খ) সমবায় সমিতির কাগজপত্র;<br>(গ) বিধিবদ্ধ সংস্থার অনাপত্তিপত্র; |
| ৮ | **নীতিমালার ৩.০(ছ) অনুচ্ছেদ (শহর এলাকার বাহিরে শিল্প স্থাপনের ক্ষেত্রে)-**<br>(ক) বন্দোবস্তের জন্য আবেদিত জমি সংলগ্ন নিজস্ব মালিকানাধীন জমির প্রমাণপত্র (দলিল,খতিয়ান, নামজারি);<br>(খ) যথাযথ কর্তৃপক্ষের ছাড়পত্র (শিল্প সংশ্লিষ্ট মন্ত্রণালয়, পরিবেশ অধিদপ্তর, পর্যটন)/প্রকল্প অনুমোদনের প্রমাণক;<br>(গ) প্রকল্পের সময়সীমা/মেয়াদ; |
| ৯ | **নীতিমালার ৩.০(জ) অনুচ্ছেদ (একসনা লিজগ্রহনকারীর ক্ষেত্রে)-**<br>(ক) একসনা লিজ প্রদানের সকল আদেশপত্র;<br>(খ) প্রস্তাবিত জমি নগর/পৌর এলাকাধীন কিনা তার তথ্য;<br>(গ) একসনা লিজের সরকারি পাওনা পরিশোধের ধারাবাহিক প্রমাণপত্র; |
| ১০ | **নীতিমালার ৩.০(ঝ) অনুচ্ছেদ (অধিগ্রহণে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ক্ষেত্রে)-**<br>(ক) অধিগ্রহণকৃত জমির মালিকানার স্বপক্ষে সকল বৈধ কাগজ পত্র;<br>(খ) এওয়ার্ড সার্টিফিকেট/ক্ষতিপূরণ গ্রহণের প্রমাণপত্র;<br>(গ) অধিগ্রহণে ক্ষতিগ্রস্তদের মধ্যে অন্য কেউ বন্দোবস্তের সুবিধা গ্রহণ করেননি মর্মে প্রত্যয়নপত্র; |
| ১১ | **নীতিমালার ৩.০(ঞ) অনুচ্ছেদ (শহর এলাকার বাহিরে গবাদিপশু বা দুগ্ধখামার, হাঁস-মুরগির খামার স্থাপন)-**<br>(ক) প্রকল্পের নকশাসহ বিবরণী;<br>(খ) সংশ্লিষ্ট স্থানীয় সরিকারি দপ্তর কর্তৃক প্রকল্প বাস্তাবায়নের সম্ভাব্যতা যাচাই প্রতিবেদন;<br>(গ) আর্থিক সক্ষমতা (ব্যাংক স্টেটমেন্ট ও আয়কর সংক্রান্ত কাগজপত্র); |
| ১২ | **নীতিমালার ৩.০(ঠ) অনুচ্ছেদ (বিদেশি বিনিয়োগকারী ও যৌথ উদ্যোগে শিল্প কারখানা স্থাপনের ক্ষেত্রে)-**<br>(ক) পূর্ণাঙ্গ ইনভেস্টমেন্ট সিডিউল;<br>(খ) আর্থিক সক্ষমতার প্রমাণপত্র (ব্যাংক স্টেটমেন্ট ও আয়কর সংক্রান্ত কাগজপত্র);<br>(গ) যথাযথ কর্তৃপক্ষের ছাড়পত্র (শিল্প সংশ্লিষ্ট মন্ত্রণালয়, পরিবেশ অধিদপ্তর, পর্যটন);<br>(ঘ) সংশ্লিষ্ট সরকারি দপ্তর থেকে প্রকল্প অনুমোদনের প্রমাণক; |
| ১৩ | **নীতিমালার ৩.০(ড) অনুচ্ছেদ (কারখানা ও বাড়ি সংলগ্ন জমি বন্দোবস্ত প্রদানের ক্ষেত্রে)-**<br>(ক) বন্দোবস্তের জন্য আবেদিত জমি সংলগ্ন নিজস্ব মালিকানাধীন জমির প্রমাণপত্র (দলিল,খতিয়ান ও নামজারি);<br>(খ) অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব) কর্তৃক আবেদিত ভূমির সরেজমিন পরিদর্শন প্রতিবেদন;<br>(গ) পাবলিক ইজমেন্ট বাঁধাগ্রস্ত হবে না মর্মে প্রত্যয়ন;<br>(ঘ) নকশায় নিজস্ব জমি এবং প্রস্তাবিত জমি পৃথক কালিতে চিহ্নিতকরণ; |
| ১৪ | **নীতিমালার ৩.০(ঢ) অনুচ্ছেদ (সরকারি, আধা-সরকারি চাকুরিরত কর্মকর্তা/কর্মচারী সমবায় সংগঠনের ক্ষেত্রে)-**<br>(ক) সমবায় সংগঠন হিসেবে সমবায় অধিদপ্তরের নিবন্ধনসহ অন্যান্য প্রমাণক কাগজপত্রাদি;<br>(খ) মেট্রোপলিটন এলাকা বা জেলা শহরে বাড়ি বা বাড়ি করার মত জায়গা নেই মর্মে হলফনামা;<br>(গ) অর্থের উৎস;<br>(ঘ) বিনিয়োগযোগ্য মূলধনের পরিমাণ; |
| ১৫। | **নীতিমালার ৩.০(ণ) অনুচ্ছেদ (১৫ বা তদূর্ধ মুক্তিযোদ্ধাদের সমবায় সংগঠনের ক্ষেত্রে)-**<br>(ক) মেট্রোপলিটন বা জেলা শহরে বাড়ি বা জমি নেই মর্মে হলফনামা;<br>(খ) সমবায় সংগঠন হিসেবে সমবায় অধিদপ্তরের নিবন্ধন;<br>(গ) আর্থিক সক্ষমতা (ব্যাংক স্টেটমেন্ট ও আয়কর সংক্রান্ত কাগজপত্র); |
| ১৬। | **নীতিমালার ৩.০(ত) অনুচ্ছেদ (বাণিজ্যিক উদ্দেশ্যে ফুল, ফল,বাঁশ,বেত, ঔষধিবৃক্ষ ও রাবার বাগানের ক্ষেত্রে)-**<br>(ক) প্রকল্পের সম্ভাব্যতা যাচাই প্রতিবেদন;<br>(খ) ইনভেস্টমেন্ট সিডিউল;<br>(গ) আর্থিক সক্ষমতার প্রমাণপত্র (ব্যাংক স্টেটমেন্ট ও আয়কর সংক্রান্ত কাগজপত্র);<br>(ঘ) উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক চাষের জন্য জমির উপযুক্ততার সার্টিফিকেট;<br>(ঙ) রপ্তানিযোগ্য ফুল চাষের ক্ষেত্রে রপ্তানি উন্নয়ন ব্যুরোর সার্টিফিকেটসহ প্রমাণক দলিলাদি;<br>(চ) রোপণযোগ্য ঔষধি বৃক্ষ হতে কী ধরণের ঔষধ প্রস্তুত হবে তার বিবরণ এবং দেশে এ ধরনের কাঁচামাল উৎপাদনের প্রয়োজনীয়তা ও প্রক্রিয়াজাত করে ঔষধ প্রস্তুতের সুযোগ রয়েছে কিনা এ বিষয়ে ঔষধ প্রশাসন অধিদপ্তরের |

| গ. বিবিধ তথ্যাদি ও সাধারন নির্দেশনাবলী | |
|---|---|
| ১৭। | ১৭.১। **সেলামিমূল্য নির্ধারণের ক্ষেত্রে-**<br>(ক) ভূমি মন্ত্রণালয়ের ২১/০৪/২০১৬ তারিখের ৩১.০০.০০০০.০৪২.৫৬.০৩৭.১৬.১৮৫ স্মারকের নির্দেশনামতে মৌজা রেটের পরিবর্তে ১২ মাসের সমশ্রেণির বিক্রয় দলিলের ভিত্তিতে সেলামিমূল্য নির্ধারণ;<br>(খ) সমশ্রেণির বিক্রয় দলিলের তথ্য পাওয়া না গেলে ভূমি মন্ত্রণালয়ের ০৭/০৯/১৯৯৫ তারিখের ভূ:ম:/শা-৮/খাজব/৪৬/৬৮৬ স্মারকের পরিপত্র অনুসরণ করে মূল্য নির্ধারণকরণ;<br>(গ) প্রতীকীমূল্যের প্রস্তাবে যথানিয়মে সেলামিমূল্য ধার্য করে প্রতীকীমূল্যে বন্দোবস্তের যৌক্তিক কারণ উল্লেখসহ প্রেরণ;<br>(ঘ) পৌর, সিটি কর্পোরেশন বা অন্যান্য এলাকাভূক্ত জমির সেলামি নির্ধারণের ক্ষেত্রে ভূমি মন্ত্রণালয়ের ৮/১০/১৯৯৮ তারিখের ভূ:ম:/শা-৮/খাজব/৯/৯৮/৫৪৬ এবং ২০/০২/২০১৭ তারিখের ৩১.০০.০০০০.০৪১.৪১.২২৮.১৬.১১৬ নম্বর স্মারকের নির্দেশনা অনুসরণ করে মূল্য নির্ধারণকরণ; |
| | ১৭.২। নদী, খাল, বিল, পুকুর, ডোবা, হালট, গোপাট, খেলার মাঠ, রাস্তা শ্রেণির জমির শ্রেণির পরিবর্তন করার ক্ষেত্রে বিধিনিষেধ রয়েছে। ফলে এসকল শ্রেণির জমির বন্দোবস্ত প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ না করা; |
| | ১৭.৩। বন্দোবস্ত প্রস্তাব প্রস্তুতের ক্ষেত্রে রিট পিটিশন ৩৫০৩/২০০৯,রিট পিটিশন ১৩৯৮৯/২০১৬ এবং সিপিএলএ ৩০৩৯/২০১৯ এরআদেশের ব্যত্যয় ঘটেনি মর্মে জেলা প্রশাসকের সার-সংক্ষপে সুস্পষ্ট প্রত্যয়ন প্রদান। |
| | ১৭.৪। শ্রেণি পরিবর্তন যোগ্য জমির প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে শ্রেণি পরিবর্তনকৃত নথির সম্পূর্ণ আদেশপত্রের ছায়ালিপি প্রেরণ; |
| | ১৭.৫। বন্দোবস্তের আবেদনের সাথে সঙ্গতি রেখে নীতিমালার সঠিক অনুচ্ছেদ উল্লেখ করে প্রস্তাব প্রেরণ; |
| | ১৭.৬। প্রস্তাবিত জমি পৌর বা সিটি কর্পোরেশন এলাকাভুক্ত কিনা তা প্রস্তাবে উল্লেখকরণ; |
| | ১৭.৭। দিয়ারা জরিপ সম্পন্ন হয়নি এমন পয়স্তি জমির বন্দোবস্ত প্রস্তাব প্রেরণ না করা; |
| | ১৭.৮। খাসজমি অবৈধ দখলে রেখে বন্দোবস্তের আবেদন করলে ভূমি মন্ত্রণালয়ের ০১/০৩/২০০৪ তারিখের ভূ:ম:/শা-৮/খাজব/১০১/ ২০০৪ /১৫২(৬১) নম্বর স্মারকের নির্দেশনা প্রতিপালন পূর্বক প্রস্তাব প্রেরণ; |
| | ১৭.৯। বন্দোবস্ত নথির পূর্ণাঙ্গ দুই সেট প্রস্তাব (একটি মূল ও একটি ছায়ালিপি) ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ; |

২। উপরে বর্ণিত চেক-লিস্ট যথাযথ ভাবে অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মঈনউল ইসলাম)
উপসচিব
ফোন: +৮৮-০২-৯৫৪৫৬৩৯
ই-মেইল: khas1@minland.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

০২। সিনিয়র সচিব/সচিব, ..........................................................।

০৩। অতিরিক্ত সচিব ...................... (সকল), ভূমি মন্ত্রণালয়।

০৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।

০৫। যুগ্মসচিব ...................... (সকল), ভূমি মন্ত্রণালয়।

০৬। জেলা প্রশাসক, .............................. (সকল)।

০৭। মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

০৮। উপসচিব .................... (সকল), ভূমি মন্ত্রণালয়।

০৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।

১০। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১১। সহকারী প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১২। অফিস কপি।

১৩। মাষ্টার কপি।